# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: Chairmanbisesyl@gmail.com


**স্মারক নং:৩৭.১৪.৯১০০.৩০০.৫০.২৫.১৪৭৮**

তারিখ ২৬ ভাদ্র ১৪৩২ / ১০ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী অ্যাডহক কমিটি ও নিয়মিত ম্যানেজিং কমিটি/ নিয়মিত গভর্নিং বডি গঠন সংক্রান্ত।**

সূত্রঃ ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ তারিখঃ ০৮/০৯/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (২৮ আগস্ট-২০২৫ তারিখের সংশোধনীসহ) অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাডহক কমিটি/নিয়মিত ম্যানেজিং কমিটি/ নিয়মিত গভর্নিং বডি গঠনের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত অ্যাডহক কমিটির মেয়াদ শেষ হয়েছে অথবা চলমান রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি গঠন করতে হবে।

খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো অ্যাডহক কমিটি গঠন হয়নি, উক্ত প্রবিধানমালা ২০২৪ (সংশোধনীসহ) মোতাবেক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এডহক কমিটি গঠন করত: ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি গঠন করতে হবে।

গ) সকল অ্যাডহক কমিটি ০১/১২/২০২৫ তারিখ হতে বিলুপ্ত হবে।

ঘ) কমিটি/ গভর্নিং বডি গঠনে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং বিধিমতে ব্যবস্থাদির আওতায় আসবেন।

১০/০৯/২০২৫

(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

১০/০৯/২৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

CamScanner